ভোরের কাগজ 34

তারিখ ... JUL 1 5 1999
পৃঃ ৪ কলাম ৪

## লালকুঠি লাইব্রেরী

ঢাকার সবচেয়ে পুরোনো লাইব্রেরি হচ্ছে নর্থব্রুক হল লাইব্রেরী বুড়িগঙ্গা নদীর তীরে, ফরাশগঞ্জ রোডে অবস্থিত 'লালকুঠি' নামে. লাল দালানটিই সেই নর্থব্রুক হল লাইব্রেরী। এই লাইব্রেরী ১৮৭৪ সালে প্রতিষ্ঠিত হয় এবং তৎকালীন ভারতের গভর্নর জেনারেল লর্ড নর্থব্রুক ঢাকায় বেড়াতে এলে তার সম্মানে এই লাইব্রেরীর নাম তার নামে 'নর্থব্রুক হল লাইব্রেরী' করা হয়। বর্তমানে এই লাইব্রেরী মূল ভবনের পূর্ব-দক্ষিণ কোণের একটি ভবনে অবস্থিত। এখনো নিয়মিত জ্ঞানপিপাসু মানুষ এখানে আসেন জ্ঞানচর্চায়। কিন্তু নিত্যনতুন বইয়ের তেমন সমাহার এখন আর নেই। পুরোনো কিছু বই আছে আলমারিতে। বইয়ের যত্নের অভাবে হয়তো সেগুলো নষ্ট হওয়ার পথে। পত্রপত্রিকার পাশাপাশি আরো সব রকম জ্ঞানের বই যাতে পড়তে পারি, সুশৃঙ্খল সুন্দর পরিবেশে পৃথিবীর জানা-অজানা, জ্ঞান-বিজ্ঞানের উন্নততর অবস্থান জানার লক্ষ্যে সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করছি।

পুরোনো ঢাকার এই ঐতিহ্যবাহী 'লালকুঠি' লাইব্রেরী থেকে অনেকে ঐতিহ্যের স্বাক্ষর রেখেছেন জাতীয় জীবনে। তাদের এই অমূল্য অবদান। একে আরো বলিষ্ঠ, বিশেষ করে লাইব্রেরীর পরিসর বাড়ানো এবং আরো উন্নত করার জন্য অত্র এলাকায় সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

শওকত হোসেন লিটু
ফরাশগঞ্জ, ঢাকা-১১০০।